

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৬৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৬. রাতের (তাহজ্জুদ) সালাত সম্পর্কে

باب فِي صَلَاةِ اللَّيْلِ

### আরবী

حَدَّثَنَا نُوحُ بْنُ حَبِيبٍ، وَيَحْيَى بْنُ مُوسَى، قَالَا حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَرُ، عَنِ ابْنِ طَاوُسٍ، عَنْ عِكْرِمَةَ بْنِ خَالِدٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ: بِتُ عِنْدَ خَالَتِي مَيْمُونَةَ فَقَامَ النَّبِيُّ صلى الله عليه وسلم يُصلِّي مِنَ اللَّيْلِ فَصلَّى ثَلَاثَ عَشْرَةَ رَكْعَةً مِنْهَا رَكْعَتَا الْفَجْرِ، حَزَرْتُ قِيَامَهُ فِي كُلِّ رَكْعَةٍ بِقَدْرِ (يَا أَيُّهَا الْمُزَّمِّلُ) لَمْ يَقُلُ نُوحٌ: مِنْهَا رَكْعَتَا الْفَجْرِ.

\_ صحيح

#### বাংলা

১৩৬৫। ইবনু 'আব্বাস রাযিয়াল্লাহু 'আনহুমা সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি আমার খালা মায়মূনাহ রাযিয়াল্লাহু 'আনহার নিকট এক রাত অতিবাহিত করি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতের সালাতের উদ্দেশ্যে দাঁড়ালেন। তিনি তের রাক'আত সালাত আদায় করলেন, তাতে ফজরের দু' রাক'আত সুন্নাতও ছিল। আমি অনুমান করলাম, তাঁর প্রতি রাক'আতে দাঁড়ানোর সময়টুকু ছিল "ইয়া আইয়ূহাল মুয়্যাম্মিল" সূরাহ পাঠের সময়ের অনুরূপ। বর্ণনাকারী নূহ্ ইবনু হাবীব, তন্মধ্যে ফজরের দু' রাক'আতও ছিল' এ কথাটি বলেননি।[1]

সহীহ।

### **English**

#### Narrated Abdullah ibn Abbas:

I spent a night with my maternal aunt Maymunah. The Prophet (ﷺ) got up to pray at night. He prayed thirteen rak'ahs including two rak'ahs of the dawn prayer. I guessed that he stood in every rak'ah as long as one could recite



### Surah al-Muzzammil (73).

## ফুটনোট

[1] আহমাদ (১/২৫২), বায়হাক্কী 'সুনানুল কুবরা' (৩/৮) i

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন